বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, BANGLADESH

স্মারক নং: বাঃ স্কাঃ (আন্তর্জাতিক- ২৫৯/২০২৪)/ ৯৯১(২৫৩)/২০২৪

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩১
০৮ ডিসেম্বর ২০২৪

## ২৬তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রাম, ভারত (সংশোধিত পরিপত্র)

ভারত স্কাউটস অ্যান্ড গাইডস কর্তৃক আয়োজিত ২৬তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রামে বাংলাদেশ স্কাউটস থেকে একটি কন্টিনজেন্ট প্রেরণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। বিস্তারিত নিম্নরূপ :

| | | | | |
|---|---|---|---|---|
| ইভেন্ট | : | ২৬তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রাম-২০২৫ | | |
| তারিখ | : | ০২-০৮ মার্চ ২০২৫ | | |
| স্থান | : | জাতীয় অ্যাডভেঞ্চার ইনস্টিটিউট, পাঁচমারি, মধ্য প্রদেশ, ভারত | | |
| যোগ্যতা | : | অ্যাডাল্ট লিডার | : | কমপক্ষে উডব্যাজ অর্জনকারী<br>বয়স : ০২ মার্চ ২০২৫ তারিখে সর্বোচ্চ ৫৫ বছর |
| | | ইয়াং অ্যাডাল্ট | : | কমপক্ষে বেসিক কোর্স সম্পন্নকারী |
| | | রোভার স্কাউট | : | কমপক্ষে প্রশিক্ষণ স্তর |
| | | স্কাউট | : | কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজ<br>বয়স : ০২ মার্চ ২০২৫ তারিখে সর্বনিম্ন ১২ বছর |
| | | অ্যাডভেঞ্চার ক্যাম্পে অংশগ্রহণকারীদের অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে যেন তাঁরা অ্যাডভেঞ্চার প্রোগ্রামের চাপ সহ্য করতে পারে এবং প্রতিদিন ১৬-২০ কিলোমিটার পায়ে হেঁটে ভ্রমণ করতে সক্ষম হন। হাঁপানী, ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপে আক্রান্ত রোগীদের আবেদন করার প্রয়োজন নেই। | | |
| কার্যক্রম | : | রক ক্লাইম্বিং, র‍্যাপলিং, ট্রেকিং, ক্যাম্পিং, অবস্ট্যাকলস, ভ্যালি ক্রসিং, জিপ লাইন, স্কাই সাইক্লিং, রাইফেল স্যুটিং, আর্চারি, ফান গেম, সার্ভাইভাল স্কীল, ওয়াটার অ্যাক্টিভিটিজসহ অন্যান্য আকর্ষণীয় অ্যাডভেঞ্চার প্রোগ্রাম রয়েছে। | | |
| আবহাওয়া | : | ক্যাম্প এলাকার তাপমাত্রা থাকবে ০৬-১৮ ডিগ্রি সেলসিয়াস, ফলে ক্যাম্প এলাকায় বেশ ঠান্ডা অনুভূত হবে। তাই অংশগ্রহণকারীদের গরম পোশাক সাথে রাখতে হবে। | | |
| রেজিস্ট্রেশন ফি | : | জনপ্রতি ১৫০.০০ (একশত পঞ্চাশ) ইউএস ডলার। রেজিস্ট্রেশন ফি এর মধ্যে অভ্যন্তরীন যাতায়াত, খাবার, আবাসন, প্রাথমিক চিকিৎসা ও স্যুভেনির অন্তর্ভুক্ত। রেজিস্ট্রেশন ফি ছাড়াও বাস/ট্রেন/বিমান ভাড়া, ভিসা সার্ভিজ চার্জ, কন্টিনজেন্ট খরচ প্রভৃতি নিজেদের বহন করতে হবে। | | |
| খরচ | : | ২৬তম আন্তর্জাতিক অ্যাডভেঞ্চার প্রোগ্রামে অংশগ্রহণ ব্যয় জনপ্রতি কমবেশি ৪০,০০০.০০ (চল্লিশ) হাজার টাকা হতে পারে। এ খরচের মধ্যে রেজিস্ট্রেশন ফি, ভিসা সার্ভিস, বাস/ট্রেন ভাড়া, যাত্রাপথে আনুষঙ্গিক ব্যয় অন্তর্ভুক্ত থাকবে। বৈশ্বিক অর্থনৈতিক অবস্থা, ডলার রেট, কন্টিনজেন্ট পরিকল্পনা প্রভৃতি কারণে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। এ ব্যয়ের সাথে বাংলাদেশ স্কাউটস এর কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না। ইভেন্ট শেষে হিসাব সমন্বয় করা হবে। | | |
| আবেদন ফরম জমাদান | : | সকল আগ্রহী আবেদনকারীকে ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্দিষ্ট তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না। পরিপত্র ও আবেদন ফরম বাংলাদেশ স্কাউটস এর www.scouts.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। | | |

(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (অ.দা)
বাংলাদেশ স্কাউটস

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। সম্পাদক/সদস্য সচিব, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।
২। আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।
৩। সম্পাদক/সদস্য সচিব, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

**সদয় জ্ঞাতার্থে :**

১। আহ্বায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস।
২। সদস্য (সকল)/ সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস।
৩। সভাপতি/আহ্বায়ক/কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।